



মোঃ মাকারুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ইমেইলঃ prompa6@gmail.com  
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd  
ফেইসবুক পেইজঃ মোংলা বন্দর সংবাদ “Mongla Port New”



## প্রেস রিলিজ

### “স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী পালন”

ভয়াল ১৫ আগস্ট, ১৯৭৫ সালের এইদিনে কিছুসংখ্যক বিপদগামী সেনাসদস্যদের হাতে বাংলাদেশের স্বাধীনতার মহানায়ক, বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শাহাদাৎ বরণ করেন। বাঙালি জাতির মহান নেতা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচী পালনের সময় করোনা সংক্রমন হতে সতর্ক থাকার উদ্দেশ্যে পূর্বের পরিকল্পিত কর্মসূচী সংক্ষিপ্ত করে স্বল্প পরিসরে সম্পন্ন করা হয়।

দিবসটি পালনে মোংলা বন্দর কর্তৃপক্ষ নানামুখী কর্মসূচী গ্রহণ করে ০১ আগস্ট মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের মূল ফটক, বন্দর ভবন, জেটি এবং খুলনাছ পোর্ট এরিয়ার মূল ফটক মোংলা বন্দরের আওতাধীন খুলনা ও মোংলা স্কুলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি ও বাণী সম্বলিত ব্যানার প্রদর্শনের মধ্যদিয়ে মাসব্যাপী কর্মসূচীর কার্যক্রম শুরু হয়।

১৫ আগস্ট সূর্যোদয়ের সাথে সাথে কর্তৃপক্ষের বিভিন্ন স্থাপনায় জাতীয় পতাকা ও বন্দর পতাকা অর্ধনমিত রাখা হয়। বাদ ফজর সকল মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সকাল ১০:৩০ ঘটিকায় জাতীয় শোক দিবস উপলক্ষে মোংলা বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বন্দর ভবনের সামনে একটি গাছের চারা রোপনের মাধ্যমে বন্দরের বৃক্ষরোপন কর্মসূচী শুভ উদ্বোধন করেন এবং সকাল ১১:০০ ঘটিকায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা অনুষ্ঠান মোংলা বন্দরের চেয়ারম্যান এর সভাপতিত্বে মবক সভা কক্ষে পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে শুরু হয় মোঃ ইমতিয়াজ হোসেন, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) ও সদস্য (অর্থ), ক্যাপ্টেন এম আব্দুল ওয়াদুদ তরফদার, সদস্য (হারবার ও মেরিন), বিভাগীয় প্রধানসহ বন্দরের উর্দ্ধতন কর্মকর্তা, সিবিএ এর নেতৃবৃন্দসহ অন্যান্য কর্মচারীবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মোংলা বন্দরের সভাকক্ষে বঙ্গবন্ধুর জীবনীর উপর প্রামাণ্য চিত্র ‘অসমাপ্ত কাব্যগ্রন্থ’ দেখানো হয়। প্রামাণ্য চিত্র ‘অসমাপ্ত কাব্যগ্রন্থ’ মোংলা বন্দরের খুলনা ও মোংলাস্থ স্কুলসহ মোংলা বন্দরের পক্ষ থেকে লোকাল টিভি নেটওয়ার্ক ফ্রাই ভিউ, মোংলা ও খুলনা ভিশন, খুলনাতে দুপুর ০২:০০ ও রাত ০৯:০০ টায় একযোগে প্রচার করা হয় এছাড়াও বিভিন্ন জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় মোংলা বন্দরের পক্ষ থেকে শোক প্রকাশ করা হয়।

অনুষ্ঠানে বন্দর চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “আজ ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সহ বঙ্গবন্ধুর পরিবারের সকল শহীদদের প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা এবং তাঁদের রুহের মাহফিরাত কামনা করি, আমিন।”

করোনা প্রাদুর্ভাব কালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে মোংলা বন্দরের কার্যক্রম ২৪ ঘন্টা সচল রাখায় বন্দর সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

এছাড়াও বন্দর ঘোষিত ১৫ আগস্টের কর্মসূচীর মধ্যে ছিল খুলনা মোংলা বিভিন্ন এতিমখানায় মোংলা বন্দরের পক্ষ থেকে খাদ্য বিতরণ কর্মসূচী, বন্দরের মসজিদ সমূহে পবিত্র কোরআন খতমের আয়োজন। ও বাদ যোহর কর্তৃপক্ষের বিভিন্ন স্থাপনার জামে মসজিদ সমূহে দোয়া মাহফিল এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।

স্বাক্ষরিত/-  
উপসচিব